

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
(প্রশাসন অধিশাখা)  
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০।  
www.dife.gov.bd

**বিষয় : ২০২২-২৩ অর্থবছরের সেপ্টেম্বর, ২০২২ মাসের স্টাফ সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ নাসির উদ্দিন আহমেদ, মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)।  
সভার তারিখ : ২৫ সেপ্টেম্বর ২০২২ খ্রি.  
সভার সময় : সকাল ৯.০০ মিনিট  
স্থান : প্রধান কার্যালয়ের সভাকক্ষ (লেভেল-১৩)।  
উপস্থিতি : **পরিশিষ্ট-ক।**

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৪		৫
০১	অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো অনুমোদন	এ সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	আগামী সভায় অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করতে হবে।	১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) ২। উপমহাপরিদর্শক (মানব সম্পদ)
০২	অধিদপ্তরের শূন্য পদ পূরণ	ক) অবশিষ্ট শূন্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। খ) বিভিন্ন গ্রেডের পদোন্নতির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	ক) অবশিষ্ট শূন্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ অব্যাহত থাকবে। খ) বিভিন্ন গ্রেডের পদোন্নতির কার্যক্রম অব্যাহত থাকবে।	১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) ২। উপমহাপরিদর্শক (মানব সম্পদ)
০৩	অফিস ব্যবস্থাপনা সংক্রান্ত	১। যেসব স্থানে সিসি ক্যামেরা নাই কিন্তু থাকা দরকার সেখানে সিসি ক্যামেরা স্থাপনের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) বলেন, স্থানসমূহ চিহ্নিতকরণ করা হয়েছে। খুব শীঘ্রই প্রকিউরম্যান্ট করে তা স্থাপন করা হবে।	আগামী সভার পূর্বেই সিসি ক্যামেরা স্থাপন নিশ্চিত করতে হবে।	১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) ২। উপমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)
০৪	কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর(ডাইফ)	খসড়া নিয়োগ বিধিমালা যাচাই-বাছাই পূর্বক দ্রুত সময়ের মধ্যে চূড়ান্তকরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	আগামী সভায় নিয়োগ বিধিমালার অগ্রগতি উপস্থাপন করতে হবে।	১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) ২। উপমহাপরিদর্শক

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৪		৫
	এর নিয়োগ বিধিমালা সংশোধন			(প্রশাসন অধিশাখা)
০৫	প্রধান কার্যালয়ের মনিটরিং টিমের পরিদর্শন কার্যক্রম	<p>ক) সভাপতি বলেন, প্রধান কার্যালয়ের গঠিত ৮টি মনিটরিং টিম কর্তৃক প্রতিমাসে প্রতিটি টিম কর্তৃক অন্তত ১টি অফিস পরিদর্শন করার কার্যক্রম গ্রহণের প্রতি তাগিদ দেন। যদি তা না করা হয় তবে সংশ্লিষ্টদেরকে লিখিতভাবে সতর্কীকরণ করা হবে।</p> <p>খ) সভাপতি মনিটরিং টিমের কয়েকজন কর্মকর্তা প্রধান কার্যালয়ের বাইরে পদায়ন হওয়ায় টিম পুনর্গঠনের করতে হবে মর্মে সভাকে জানান।</p> <p>গ) অতিরিক্ত মহাপরিদর্শক বলেন, মনিটরিং টিমের কার্যক্রম বিশ্লেষণের নিমিত্ত প্রতিমাসের শেষ সপ্তাহে সকল টিমের সাথে একটি সভা আয়োজন করা হলে সার্বিক কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্টরা অবহিত হতে পারবেন।</p>	<p>ক) প্রতিমাসে প্রতিটি টিম কর্তৃক অন্তত ১টি অফিস পরিদর্শন করতে হবে। যদি তা না করা হয় তবে সংশ্লিষ্টদেরকে লিখিতভাবে সতর্কীকরণ করতে হবে।</p> <p>খ) আগামী সভার পূর্বে মনিটরিং টিম পুনর্গঠনের অফিস আদেশ জারি করতে হবে।</p> <p>গ) মনিটরিং টিমের কার্যক্রম বিশ্লেষণের নিমিত্ত প্রতিমাসের শেষ সপ্তাহে সকল টিমের সাথে একটি সভা আয়োজন করতে হবে।</p>	<p>১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)</p> <p>২। উপমহাপরিদর্শক (পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা)</p> <p>৩। পরিবীক্ষণ দলের সদস্যবৃন্দ</p>
০৬	APA বাস্তবায়ন সংক্রান্ত।	<p>ক) সভাপতি বলেন, APA লক্ষ্যমাত্রা বাস্তবায়নের নিমিত্ত সকল প্রমাণক সংগ্রহপূর্বক তা সংরক্ষণ এবং মন্ত্রণালয়ে প্রেরণ করার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। প্রয়োজনে মহাপরিদর্শক মহোদয়ের সহযোগিতা নেওয়া যেতে পারে।</p> <p>খ) APA লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজ্যক্ষেত্রে প্রত্যেক উপমহাপরিদর্শকের কার্যালয়ে চিঠি দেওয়া যেতে পারে।</p> <p>গ) উপমহাপরিদর্শকের কার্যালয় এবং প্রধান কার্যালয়ের বিভিন্ন শাখা থেকে সংশ্লিষ্ট কার্যক্রমের অগ্রগতি সংগ্রহ করতে হবে।</p>	<p>ক) APA লক্ষ্যমাত্রা বাস্তবায়নের নিমিত্ত সকল প্রমাণক সংগ্রহপূর্বক তা সংরক্ষণ এবং মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। প্রয়োজনে মহাপরিদর্শক মহোদয়ের সহযোগিতা নিতে হবে।</p> <p>খ) APA লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে কাজ করার জন্য প্রত্যেক উপমহাপরিদর্শকের কার্যালয়ে চিঠি দিতে হবে।</p> <p>গ) উপমহাপরিদর্শকের কার্যালয় এবং প্রধান কার্যালয়ের বিভিন্ন শাখা থেকে সংশ্লিষ্ট কার্যক্রমের অগ্রগতি নিতে হবে।</p>	<p>১। যুগ্মমহাপরিদর্শক (সকল)</p> <p>২। উপমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)</p> <p>৩। জনাব মনোয়ার হোসেন, পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা</p>

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৪		৫
০৭	প্রশিক্ষণ	সভাপতি বলেন, যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) শুদ্ধাচার, এপিএ, ইনোভেশনসহ অন্যান্য প্রশিক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে সমন্বয় করে প্রশিক্ষণের আয়োজন করবেন এবং এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সংখ্যক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা গ্রহণ করবেন।	শুদ্ধাচার, এপিএ, ইনোভেশনসহ অন্যান্য প্রশিক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে সমন্বয়পূর্বক প্রশিক্ষণ আয়োজন করতে হবে এবং এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সংখ্যক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করতে হবে।	১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) ২। উপমহাপরিদর্শক (সকল) ৩। সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০৮	ILO Road Map+ European Union NAP বাস্তবায়ন।	ইউরোপিয় ইউনিয়নের এ্যাকশন প্ল্যান (২০২১-২০২৬) ক্যাটাগরি-১ অনুযায়ী পরিদর্শনকৃত ১৫০টি কারখানার অগ্রগতি প্রতিবেদন আগামী সভার পূর্বে মহাপরিদর্শকের নিকট উপস্থাপন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	ইউরোপিয় ইউনিয়নের এ্যাকশন প্ল্যান (২০২১-২০২৬) ক্যাটাগরি-১ অনুযায়ী পরিদর্শনকৃত ১৫০টি কারখানার অগ্রগতি প্রতিবেদন আগামী সভার পূর্বে মহাপরিদর্শকের নিকট উপস্থাপন করতে হবে।	১। অতিরিক্ত মহাপরিদর্শক ২। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) ৩। উপমহাপরিদর্শক (সেইফটি)
০৯	হেল্প লাইন- ১৬৩৫৭	ক) হেল্প লাইনে যারা কর্মরত আছেন তাদেরকে যথাযথভাবে দায়িত্ব পালন করতে হবে এবং প্রাপ্ত অভিযোগ যথাযথভাবে এন্ড্রি দিতে হবে।  খ) হেল্প লাইনে যারা কর্মরত আছেন তাদেরকে নিয়ে নিয়মিত সভার আয়োজন করতে হবে।  গ) হেল্পলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ প্রতি সপ্তাহান্তে নিষ্পত্তি করবে হবে।	ক) হেল্প লাইনে যারা কর্মরত আছেন তাদেরকে যথাযথভাবে দায়িত্ব পালন করতে হবে এবং প্রাপ্ত অভিযোগ যথাযথভাবে এন্ড্রি দিতে হবে।  খ) হেল্প লাইনে যারা কর্মরত আছেন তাদেরকে নিয়ে নিয়মিত সভার আয়োজন করতে হবে।  গ) হেল্পলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ প্রতি সপ্তাহান্তে নিষ্পত্তি করবে হবে।	১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ) ২। উপমহাপরিদর্শক (সাধারণ)  ৩। হেল্পলাইনের সংশ্লিষ্ট কর্মকর্তা



ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৪		৫
১০	ই-নথি, লিমা এ্যাপস এবং অনলাইন লাইসেন্সিং	লিমা এ্যাপস ব্যবহারে প্রতিবন্ধকতা পরিলক্ষিত হলে তা দ্রুত সময়ের মধ্যে সমাধানের জন্য সভাপতি কর্তৃক লিমা টিমকে আহ্বান করা হয়।	লিমা এ্যাপস ব্যবহারে প্রতিবন্ধকতা পরিলক্ষিত হলে তা দ্রুত সময়ের মধ্যে সমাধান করতে হবে।	১। অতিরিক্ত মহাপরিদর্শক ২। যুগ্মমহাপরিদর্শক (সেইফটি) ৩। লিমা সাপোর্ট টিম।
১১	ইনোভেশন	ক) অতিরিক্ত মহাপরিদর্শক এবং যুগ্ম মহাপরিদর্শকগণের সাথে আলোচনা করে অভিযোগ দাখিলের ফরম চূড়ান্ত অনুমোদনের কার্যক্রম গ্রহণ করে আগামী সভায় উপস্থাপন করতে হবে। খ) সাধারণ শাখার আউটসোর্সিং লাইসেন্স প্রদান সংক্রান্ত কার্যক্রম ডিজিটলাইজেশনের আওতায় আনতে সহজীকৃত প্রসেস ফ্লো নির্ধারণের জন্য সকল স্টেকহোল্ডারকে নিয়ে দ্রুততম সময়ের মধ্যে একটি ওয়ার্কশপ আয়োজনের কার্যক্রম গ্রহণ করতে হবে।	ক) অভিযোগ দাখিলের ফরম চূড়ান্ত অনুমোদনের কার্যক্রম গ্রহণপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। খ) সাধারণ শাখার আউটসোর্সিং লাইসেন্স প্রদান সংক্রান্ত কার্যক্রম ডিজিটলাইজেশনের আওতায় আনতে সহজীকৃত প্রসেস ফ্লো নির্ধারণের জন্য সকল স্টেকহোল্ডারকে নিয়ে দ্রুততম সময়ের মধ্যে একটি ওয়ার্কশপ আয়োজন করতে হবে।	১। অতিরিক্ত মহাপরিদর্শক ২। যুগ্মমহাপরিদর্শক (সকল) ৩। ইনোভেশন টিম।
১২	SDG	ক) সভাপতি এসডিজি বিষয়ক কার্যক্রম চালিয়ে যাওয়ার প্রতি গুরুত্বারোপ করেন এবং প্রতি সভায় অগ্রগতি উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন। খ) ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে সেমিনার করার জন্য আহ্বান জানাতে হবে প্রয়োজনে চিঠি দিতে হবে।	ক) প্রতি সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। খ) ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে সেমিনার করার জন্য চিঠি দিতে হবে।	১। উপমহাপরিদর্শক (সাধারণ শাখা) ২। জনাব মনোয়ার হোসেন পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা
১৩	শিশুশ্রম নিরসন	শিশুশ্রম নিরসনকে অগ্রাধিকার দিয়ে সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে।	আগামী সভায় অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।	১। যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য) ২। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৪		৫
১৪	ISU (Industrial Safety Unit) সংক্রান্ত কার্যক্রম	সভাপতি আইএসইউ ইউনিটকে যথাযথভাবে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করেন এবং কয়েকটি কারখানা/প্রতিষ্ঠান পরিদর্শন শেষে যেন পরিদর্শন টিম নিয়ে অতিরিক্ত মহাপরিদর্শক আলোচনা করেন তার প্রতি গুরত্বারোপ করেন।	আইএসইউ ইউনিটের গঠিত টিম কর্তৃক কয়েকটি কারখানা/প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক অতিরিক্ত মহাপরিদর্শককে সংশ্লিষ্ট কর্মকর্তা সার্বিক বিষয়ে অবহিত করবেন।	১। অতিরিক্ত মহাপরিদর্শক ২। যুগ্মমহাপরিদর্শক (সেফটি) ৩। জনাব আকিদুল হাসান সহকারী মহাপরিদর্শক (সেফটি)
১৫	অভিযোগ প্রতিকার ব্যবস্থা	ক) অভ্যন্তরীণ সকল অভিযোগ দ্রুততম সময়ে শতভাগ নিষ্পত্তি করতে হবে। খ) এ ধরনের অভিযোগের একটি রেজিস্টার সংরক্ষণ করবেন যেটি সবসময় হালনাগাদ থাকবে।	ক) অভ্যন্তরীণ সকল অভিযোগ দ্রুততম সময়ে শতভাগ নিষ্পত্তি করতে হবে। খ) এ ধরনের অভিযোগের একটি রেজিস্টার সংরক্ষণ করবেন যেটি সবসময় হালনাগাদ করতে হবে।	১। যুগ্ম মহাপরিদর্শক (সাধারণ) ২। উপমহাপরিদর্শক (সাধারণ)
১৬	নারীর প্রতি সহিংসতা	ক) যৌন হয়রানি প্রতিরোধ বিষয়ক কমিটি পুনর্গঠন করতে হবে। খ) কোন অভিযোগ পাওয়া গেলে কমিটি তা দ্রুত নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। গ) প্রতি মাসে একটি সভা আহবান করতে হবে।	ক) যৌন হয়রানি প্রতিরোধ বিষয়ক কমিটি পুনর্গঠন করতে হবে। খ) কোন অভিযোগ পাওয়া গেলে কমিটি তা দ্রুত নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। গ) প্রতি মাসে একটি সভা আহবান করতে হবে।	১। যুগ্ম মহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) ২। যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য)
১৭	মামলা সংক্রান্ত তথ্য	ক) আদালত ভিত্তিক মামলার সংখ্যা (অর্থাৎ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর পক্ষে এবং বিপক্ষে কোন শ্রম আদালতে কয়টি মামলা আছে যেমন:শ্রম আপিল ট্রাইব্যুনালে কয়টি আছে,হাইকোর্ট আপিল ট্রাইব্যুনালে কয়টি আছে, লিড টু আপিল, রিভিউ তে কয়টি মামলা, প্রশাসনিক ট্রাইব্যুনাল,আপিলেট ট্রাইব্যুনালে কয়টি মামলা আছে এবং তার মধ্যে কনটেম্পট অব কোর্ট মামলা আছে কিনা তা পৃথক পৃথক সংযুক্তি	ক) আদালত ভিত্তিক মামলার সংখ্যা (অর্থাৎ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর পক্ষে এবং বিপক্ষে কোন শ্রম আদালতে কয়টি মামলা আছে যেমন:শ্রম আপিল ট্রাইব্যুনালে কয়টি আছে,হাইকোর্ট আপিল ট্রাইব্যুনালে কয়টি আছে, লিড টু আপিল, রিভিউ তে কয়টি মামলা, প্রশাসনিক ট্রাইব্যুনাল,আপিলেট ট্রাইব্যুনালে কয়টি মামলা আছে	১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) ২। জনাব মোঃ মাহুম বিল্লাহ, আইন কর্মকর্তা ৩। জনাব মোঃ আব্দুল আউয়াল, সহকারী মহাপরিদর্শক (সেইফটি)



ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৪		৫
		<p>আকারে) সভায় উপস্থাপন না হওয়ায় তা না হওয়াতে অসম্মুষ্টি প্রকাশ করলে যুগ্ম-মহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) আগামী সভায় তা উপস্থাপনে ত্রুটি হবে না মর্মে জানান।</p> <p>খ) মামলার ডাটাবেজ তৈরির বিষয়ে আগামী সভার পূর্বেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ডাটাবেজে কী কী তথ্য থাকবে তা নির্ধারণ করতে হবে।</p>	<p>এবং তার মধ্যে কনটেন্ট অব কোর্ট মামলা আছে কিনা তা পৃথক পৃথক সংযুক্তি আকারে) সভায় উপস্থাপন করতে হবে।</p> <p>খ) মামলার ডাটাবেজ তৈরির বিষয়ে আগামী সভার পূর্বেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ডাটাবেজে কী কী তথ্য থাকবে তা নির্ধারণ করতে হবে।</p>	
১৮	অডিট আপত্তি সংক্রান্ত	<p>ক) সভাপতি অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যাপারে সর্বোচ্চ গুরুত্বারোপ করেন।</p> <p>খ) আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে অগ্রীম অর্থ উত্তোলনকারী জীবিত/মৃত কর্মকর্তা/কর্মচারির ক্ষেত্রে প্রযোজ্য ক্ষেত্রে প্রচলিত নিয়ম ও বিধি পালনপূর্বক প্রয়োজনে সরকারি দাবি আদায় আইনের আওতায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে মামলা করতে হবে।</p>	<p>ক) অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে।</p> <p>খ) আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে প্রচলিত নিয়ম ও বিধি পালনপূর্বক প্রয়োজনে সরকারি দাবি আদায় আইনের আওতায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে মামলা করতে হবে।</p>	<p>১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)</p> <p>২। উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব উপশাখা)</p> <p>৩। জনাব মোঃ ওহীদুর রহমান, হিসাব উপশাখা</p>
১৯	শুদ্ধাচার	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সকল লক্ষ্যমাত্রা নির্দিষ্ট সময়ে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সকল লক্ষ্যমাত্রা নির্দিষ্ট সময়ে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।	<p>১। জনাব মোঃ মেহেদী হাসান, উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা</p> <p>২। জনাব মোঃ শরীফুল ইসলাম, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা</p>

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৪		৫
২০	ওয়েবসাইট হালনাগাদকরণ	ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখতে হবে।	ওয়েবসাইট নিয়মিত হালনাগাদের কার্যক্রম চলমান রয়েছে।	১। জনাব মোঃ সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ) ২। জনাব প্রতিষ্ঠা বড়ুয়া, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য)
২১	চলমান প্রকল্পসমূহ	প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সুষ্ঠুভাবে সম্পনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরবর্তী সভায় প্রত্যেকটি প্রকল্পের অগ্রগতি উপস্থাপন করতে হবে।	প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সুষ্ঠুভাবে সম্পনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরবর্তী সভায় প্রত্যেকটি প্রকল্পের অগ্রগতি উপস্থাপন করতে হবে।	১। প্রকল্প পরিচালকবৃন্দ ২। যুগ্মমহাপরিদর্শক (পরিকল্পনা ও উন্নয়ন)
২২	প্রস্তাবিত নতুন প্রকল্প	ক) নতুন প্রকল্পসমূহের সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং অগ্রগতি কোন পর্যায়ে তা প্রতি সভায় অবহিত করতে হবে। খ) প্রধান কার্যালয়সহ ৯টি নতুন উপমহাপরিদর্শকের কার্যালয় নির্মাণের জন্য সরকারের অনুমতিপূর্বক নতুন প্রকল্প গ্রহণের নিমিত্ত feasibility study বিষয়ক প্রকল্প গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ক) নতুন প্রকল্পসমূহের সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং অগ্রগতি কোন পর্যায়ে তা প্রতি সভায় অবহিত করতে হবে। খ) প্রধান কার্যালয়সহ ৯টি নতুন উপমহাপরিদর্শকের কার্যালয় নির্মাণের জন্য সরকারের অনুমতিপূর্বক নতুন প্রকল্প গ্রহণের নিমিত্ত feasibility study বিষয়ক প্রকল্প গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। যুগ্মমহাপরিদর্শক (পরিকল্পনা ও উন্নয়ন) ২। উপমহাপরিদর্শক (পরিকল্পনা ও উন্নয়ন)
২৩	ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির সভা।	শ্রম অসন্তোষ সৃষ্টি হলে দ্রুততম সময়ে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করে মহাপরিদর্শককে অবহিত করতে হবে।	শ্রম অসন্তোষ সৃষ্টি হলে দ্রুততম সময়ে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করে মহাপরিদর্শককে অবহিত করতে হবে।	১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ) ২। উপমহাপরিদর্শক (সাধারণ)
২৪	Task Force সভা	Task Force সংক্রান্ত কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	আগামী সভায় Task Force সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্টদেরকে সভায়	১। যুগ্মমহাপরিদর্শক (সেইফটি) ২। Task

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৪		৫
			উপস্থাপন করতে হবে।	Force এর সদস্য সচিবগণ
২৫	OSH কাউন্সিলের সভা	OSH কাউন্সিলের সভা যথাসময়ে আয়োজন করতে হবে।	OSH কাউন্সিলের সভা যথাসময়ে আয়োজন করার নিমিত্ত মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করতে হবে।	১। যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য) ২। উপমহাপরিদর্শক (সেইফটি)
২৬	NTC এর সভা	NTC এর সভা আহ্বানের জন্য পুনরায় অনুরোধপত্র প্রেরণ করতে হবে।	NTC এর সভা আহ্বানের জন্য পুনরায় অনুরোধপত্র প্রেরণ করতে হবে।	১। যুগ্মমহাপরিদর্শক (সেইফটি) ২। উপমহাপরিদর্শক (সেইফটি)
২৭	BIDA পরিদর্শন সংক্রান্ত (সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ সংক্রান্ত কার্যক্রম)	ক) সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। খ) ৫ জন যুগ্ম-মহাপরিদর্শকের নেতৃত্বে গঠিত টিমসমূহকে মার্কেট পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। গ) প্রত্যেক যুগ্ম-মহাপরিদর্শককে প্রতি সপ্তাহে টিম নিয়ে অন্তত ১টি করে মার্কেট পরিদর্শন করতে হবে। ঘ) অতিরিক্ত মহাপরিদর্শক পরিদর্শন টিমের কার্যক্রম সমন্বয় করবেন।	ক) সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। খ) ৫ জন যুগ্ম-মহাপরিদর্শকের নেতৃত্বে গঠিত টিমসমূহকে মার্কেট পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। গ) প্রত্যেক যুগ্ম-মহাপরিদর্শককে প্রতি সপ্তাহে টিম নিয়ে অন্তত ১টি করে মার্কেট পরিদর্শন করতে হবে। ঘ) অতিরিক্ত মহাপরিদর্শক পরিদর্শন টিমের কার্যক্রম সমন্বয় করবেন।	১। অতিরিক্ত মহাপরিদর্শক ২। যুগ্মমহাপরিদর্শক (সকল) ৩। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)



ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৪		৫
২৮	পরিসংখ্যান ও গবেষণা শাখার কার্যক্রম	ক) পরিসংখ্যান ও গবেষণা শাখার কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। খ) পরিসংখ্যান ও গবেষণা শাখা থেকে একটি সভা আহ্বান করতে হবে।	ক) পরিসংখ্যান ও গবেষণা শাখার কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। খ) পরিসংখ্যান ও গবেষণা শাখা থেকে একটি সভা আহ্বান করতে হবে।	১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) ২। জনাব মনোয়ার হোসেন, পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা
২৯	কর্মকর্তা/ কর্মচারি মনোনয়ন	প্রশিক্ষণ/কর্মশালায় অংশগ্রহণের জন্য অধিদপ্তরের কোন কর্মকর্তা/ কর্মচারীকে মনোনয়ন প্রদান বিষয়ক নথি শুধুমাত্র মানব সম্পদ শাখা থেকে উঠবে।	প্রশিক্ষণ/কর্মশালায় অংশগ্রহণের জন্য অধিদপ্তরের কোন কর্মকর্তা/ কর্মচারীকে মনোনয়ন প্রদান বিষয়ক নথি শুধুমাত্র মানব সম্পদ শাখা থেকে উঠবে।	১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) ২। উপমহাপরিদর্শক (মানব সম্পদ শাখা)
৩০	সিটিজেন চার্টার	সিটিজেন চার্টার সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।	সিটিজেন চার্টার সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।	১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) ২। জনাব মো: ফোরকান আহসান, পিআরও
৩১	বিবিধ	ক) পুনর্গঠিত জামানত তহবিল বোর্ড সভার কার্যপত্র প্রস্তুত পূর্বক একটি সভা আহ্বানের জন্য মন্ত্রণালয়ে পুনরায় চিঠি প্রেরণের ব্যবস্থা নিতে হবে। খ) বার্ষিক প্রতিবেদন, শ্রম পরিদর্শন প্রতিবেদন, মুজিববর্ষ স্মরণিকা যথাসময়ে প্রকাশপূর্বক সংশ্লিষ্ট অংশীজনের মাঝে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ক) পুনর্গঠিত জামানত তহবিল বোর্ড সভার কার্যপত্র প্রস্তুত পূর্বক একটি সভা আহ্বানের জন্য মন্ত্রণালয়ে পুনরায় চিঠি প্রেরণের ব্যবস্থা নিতে হবে। খ) বার্ষিক প্রতিবেদন, শ্রম পরিদর্শন প্রতিবেদন, মুজিববর্ষ স্মরণিকা যথাসময়ে প্রকাশপূর্বক সংশ্লিষ্ট অংশীজনের মাঝে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ) ২। উপমহাপরিদর্শক (সাধারণ)

(মোঃ নাসির উদ্দিন আহমেদ)

মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-২২৬৬৬৪২০২


ig@dife.gov.bd

স্মারক নং- ৪০.০১.১০১.০০০০০.০৬.০১৫.১৭-

তারিখ: ১৩ অক্টোবর ২০২২

**অনুলিপি: কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। অতিরিক্ত মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ২। প্রকল্প পরিচালক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সচিবের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫-৯। যুগ্ম মহাপরিদর্শক (সকল), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ১০। স্টাফ অফিসার টু মহাপরিদর্শক, মহাপরিদর্শকের দপ্তর, প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের অবগতির জন্য)।
- ১১। সহকারী মহাপরিদর্শক (সাধারণ/স্বাস্থ্য/সেফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ১২। শ্রম পরিদর্শক (সাধারণ/স্বাস্থ্য/সেফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ১৩। জনাব সাক্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। অফিস কপি।

  
 (মোঃ মোর্তজা মোর্শেদ)  
 উপমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)